12

দৈনিক বাংলা

তারিখ 27 JUN 1995
পৃষ্ঠা ৮ কলাম ৭

# হলের খাদ্যে বিষক্রিয়া

আবাসিক ছাত্র হলের খাবার খেয়ে খুলনা বিআইটির ছাত্ররা অসুস্থ হয়ে পড়েছে। খুলনা থেকে দৈনিক বাংলার নিজস্ব সংবাদদাতা জানিয়েছেন, শুক্রবার ডাঃ রশীদ হলের ৩০ জন আবাসিক ছাত্র 'ফুড পয়জনিং'-এর শিকার হওয়ায় তাদের নির্ধারিত পরীক্ষায় অংশ নিতে পারেনি।

এ খবরে ছাত্রদের অভিভাবকসহ অনেকেই উদ্বিগ্নবোধ করবেন। দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের হল এবং হোস্টেলগুলিতে আবাসিক ছাত্রছাত্রীদের যে খাদ্য পরিবেশন করা হয় তার মান খুব উন্নত নয়, এ কথা সবাই জানে। এ খাদ্য খেয়ে ছাত্রদের পুষ্টির চাহিদা মেটে না এ বিষয় নিয়ে অনেকেই আলোচনা করেছেন। এটা অবশ্যই বিবেচনার বিষয়। ছাত্রছাত্রীদের বয়স এবং মেধাগত পরিশ্রমের কথা বিবেচনা করে তাদের খাদ্য তালিকা সুষম করা দরকার। ছাত্রছাত্রীদের হোস্টেলে খাদ্যের মান উন্নত না হলে তাদের পক্ষে লেখাপড়া চালানো কষ্টসাধ্য হতে পারে।

উন্নতমানের খাদ্য বলতে কি বোঝায় সে বিষয়টা পরিষ্কার হওয়া দরকার। খাদ্য তালিকা অবশ্যই সুষম হতে হবে। প্রোটিন, ভিটামিন, দুধ, ডিম, মাছ, শাকসবজি এসব বিবেচনা তো আছেই। কিন্তু খাদ্য স্বাস্থ্যসম্মত কিনা সেও বিবেচনার বিষয়। খুলনার বিআইটির হলে যে ঘটনা ঘটেছে তা অনভিপ্রেত। হলের খাদ্যে বিষক্রিয়ার অভিযোগ মারাত্মক প্রতিক্রিয়া সৃষ্টি করবে। এই বিষক্রিয়ার কারণ কি তার তদন্ত হওয়া দরকার। খাদ্য কি পচা বা বাসী ছিল, নাকি অন্য কোন কারণ আছে এর পেছনে সেটা উদঘাটন করতে হবে।

আমাদের দেশে হোস্টেল, হোটেল, হাসপাতাল, রেস্টুরেন্ট ইত্যাদি জায়গায় যেখানে অনেকের জন্য একত্রে রান্না হয় সেখানে প্রায়ই পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যবিধি রক্ষা হয় না। অপরিচ্ছন্নতা জমতে জমতে এমন পর্যায়ে পৌঁছায় যে সে কারণেও খাদ্যে বিষক্রিয়া ঘটবার মত পরিস্থিতি সৃষ্টি হতে পারে। এর বিরুদ্ধে ব্যবস্থা নেবার উদ্যোগ যে কখনও নেয়া হয়নি, তা নয়। কিন্তু খাদ্য প্রস্তুত ব্যবস্থায় স্বাস্থ্যবিধি রক্ষার নীতি স্থায়ীভাবে কার্যকর করা সম্ভব হয়নি। কিন্তু এক্ষেত্রে হাল ছাড়লে চলবে না। বার বার খাদ্যে স্বাস্থ্যবিধি অনুসরণ করার পক্ষে বিধি-নিষেধগুলি বাধ্যতামূলকভাবে খাদ্য প্রস্তুতকারী প্রতিষ্ঠান বা বিভিন্ন হল বা হাসপাতালের রান্নাঘরের ওপর চাপাতে হবে।

একটা জাতির স্বাস্থ্য গঠনে রান্নাঘরের ভূমিকা আছে এটা মনে রাখতে হবে। ছাত্ররা দেশের তরুণ সমাজ। অখাদ্য কুখাদ্য খেয়ে তাদের স্বাস্থ্য ভঙ্গ হলে সে ক্ষতি জাতির জন্য অপূরণীয়। শিক্ষা প্রতিষ্ঠানের হলে ও হোস্টেলে মানসম্মত এবং স্বাস্থ্যসম্মত খাবার যাতে পরিবেশিত হয় সে ব্যবস্থা নিশ্চিত হতে হবে।